

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬.৪২.৭৮০০.০০০.৯৯.০৬৯.১৭. ১৭৯৬


তারিখঃ ৫ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ
২০ আগষ্ট ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : জেলা পরিষদের লগো পরিবর্তন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ৮ মার্চ ২০১৭ তারিখে জেলা পরিষদের নব নির্বাচিত চেয়ারম্যানবৃন্দের সাথে এক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় চেয়ারম্যানবৃন্দ জেলা পরিষদের বর্তমান লোগোটি পরিবর্তনের জন্য মতামত/সুপারিশ করেন। সে প্রেক্ষিতে পার্বত্য তিনটি জেলা ব্যতীত ৬১ জেলা পরিষদের জন্য একটি নতুন লগো প্রণয়ন করা হয়েছে।

২। এমতাবস্থায়, বর্তমানে ব্যবহৃত লোগোটির পরিবর্তে পার্বত্য তিনটি জেলা ব্যতীত ৬১ জেলা পরিষদের জন্য প্রণয়নকৃত এ সাথে সংযুক্ত নতুন লগোটি ব্যবহারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


20/8/17
(জুবাইদা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-igzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ-----।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
- ৫। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। চেয়ারম্যান, জেলা পরিষদ-----।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



জেলা পরিষদ লোগো



লোগো: লোগোটির স্বত্বাধিকারী বাংলাদেশের ৬১ জেলা পরিষদ (পার্বত্য তিনটি জেলা ব্যতীত)। এই লোগোটিতে “জেলা পরিষদ,” লিখাটির পর স্ব স্ব জেলার নাম লিখে বাংলাদেশের ৬১ জেলা পরিষদের লোগো হিসেবে ব্যবহার করা হবে। অন্য কোন প্রতিষ্ঠান বা ব্যক্তি লোগোটি ব্যবহার করতে পারবে না। জেলা পরিষদ লোগোর কোন রকম বিকৃতি, কপি বা অযৌক্তিক ব্যবহার আইনতঃ দণ্ডনীয় বলে গণ্য হবে।

লোগোর কনসেপ্ট বা ধারণা: একটি বহিঃবৃত্ত(লাল) ও একটি অন্তঃবৃত্ত(সাদা) এবং নিচের অংশে বহিঃবৃত্তের এক-চতুর্থাংশ দীর্ঘ এবং ৪ গুণ প্রশস্ত একটি বৃত্তচাপ (নীল) নিয়ে লোগোটি গঠিত। লোগোর অন্তঃবৃত্তটিকে চারভাগ করে প্রত্যেক ভাগে প্রতীকী চিহ্ন দ্বারা জেলা পরিষদের কর্মকাণ্ডের বিভিন্ন দিক উপস্থাপিত হয়েছে। প্রথম ভাগে জাতীয় স্মৃতিসৌধ দ্বারা বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের চেতনা ও শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা, দ্বিতীয় ভাগে প্রশিক্ষণের ছবি দ্বারা ডিজিটাল বাংলাদেশ, শিক্ষা বিস্তার ও মানবসম্পদ উন্নয়ন, তৃতীয় ভাগে রাস্তা ও রাস্তার পাশে দুইটি করে রেইনট্রি ও তালগাছ দ্বারা গ্রামীণ অবকাঠামো উন্নয়ন ও প্রকৃতি সুরক্ষা এবং চতুর্থ ভাগে নদী ও নৌকা সম্বলিত দৃশ্য দ্বারা নদীমাতৃক বাংলাদেশের প্রতিচ্ছবি বুঝানো হয়েছে। নিচের বৃত্তচাপটিতে জেলা পরিষদের শ্লোগান, “গণতন্ত্র • উন্নয়ন • সমৃদ্ধি” লিখা হয়েছে। বৃত্তের লাল রং মহান মুক্তিযুদ্ধের লাখে শহীদদের রক্ত এবং সবুজ রং বাংলার সবুজ-শ্যামল প্রকৃতি হতে নেয়া। বৃত্তের সোনালী রং দ্বারা সোনার বাংলা গড়ার স্বপ্ন বুঝানো হয়েছে।

লোগোর আকার/আকৃতি: লোগোর আকৃতি গোলাকার। পূর্ণ লোগোর স্ট্যান্ডার্ড সাইজ ধরা হবে ১”(এক ইঞ্চি) ব্যাস। লোগোর অন্তঃবৃত্তের ব্যাস বহিঃবৃত্তের ৬৭%। নিচের অংশের বৃত্তচাপটি বহিঃবৃত্তের এক-চতুর্থাংশ দীর্ঘ এবং ৪ গুণ প্রশস্ত। এই বৃত্তচাপের কারণে লোগোটির উল্লম্ব আকার ১৩৩% হবে।

লোগোর গ্রাফিক্স: মূল লোগোটি তৈরীতে কম্পিউটার গ্রাফিক্স সফটওয়্যার Adobe Illustrator-CS ব্যবহার করা হয়েছে। লোগোর প্রতিটি আর্ট ওয়ার্ক পেন টুলে করা হয়েছে। প্রতিটি প্রতীক ভেক্টর ফরমেটে রয়েছে। লোগোটিতে ব্যবহৃত সবুজ এবং লাল রং বাংলাদেশের জাতীয় পতাকার অনুরূপ। লিখার ফন্ট SutonnyMJ এবং ফন্ট কালার সাদা। লিখার অক্ষরগুলোর বক্রতা বহিঃবৃত্তের সমকেন্দ্রিক। লোগোর উভয় বৃত্তের আউটলাইনের Stroke 3। স্মৃতিসৌধের কাঠামোর কালার কোড 5A5B5D (কালো ৭৯%)। প্রশিক্ষণ চিত্রের ব্যাকগ্রাউন্ড এবং নদী ও নৌকা সম্বলিত গ্রামীণ দৃশ্যের আকাশের কালার কোড 008FD5 (সায়ান ১০০% এবং মেজেন্টা ২৫%)। স্মৃতিসৌধ এবং রাস্তার ব্যাকগ্রাউন্ড-এ গ্র্যাডিয়েন্ট ইফেক্ট-এর মাধ্যমে আকাশ বুঝানো হয়েছে। উক্ত গ্র্যাডিয়েন্ট ইফেক্ট এর মাত্রা উপরের অংশের কালার কোড 00AEEF (১০০% সায়ান) এবং নিচের অংশের কালার কোড FFFFFFFF (১০০% সাদা) যার টাইপ লিনিয়ার, এঙ্গেল ৯০ ডিগ্রী ও লোকেশন ৪৫। লোগোর তৃতীয় ও চতুর্থ ভাগে বিদ্যমান পানির কালার কোড ABE1FA (সায়ান ৩০%)। চতুর্থ ভাগে সাদা ও কালো রং ব্যবহার করে নৌকা ও পাখির প্রতীক চিত্রিত হয়েছে, তবে নৌকার গলুই এ বাঁশের বেড়ার Swatch ব্যবহৃত হয়েছে। ইটের রাস্তার কালার কোড C38929 (সায়ান ২০%, মেজেন্টা ৪৬%, হলুদ ১০০% এবং কালো ৬%)। ইটের রাস্তার কিনারার কালার কোড C9CACC (কালো ২৪%) এবং ঢালের কালার কোড 939598 (কালো ৫০%)। গাছের গুঁড়ির কালার কোড 592A17 (সায়ান ৪২%, মেজেন্টা ৮০%, হলুদ ৯০% এবং কালো ৫৪%)। সোনালী বৃত্তের কালার কোড D3AE34 (সায়ান ১৮%, মেজেন্টা ২৮%, হলুদ ৯৪% এবং কালো ১%)। শ্লোগান, “গণতন্ত্র • উন্নয়ন • সমৃদ্ধি” এর ব্যাকগ্রাউন্ড কালার কোড 0072BC (সায়ান ১০০% এবং মেজেন্টা ৫০%)।